

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শহর সমাজসেবা কার্যালয়
রাজশাহী

বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির “ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬” এর আলোকে দেশব্যাপী আগামী “১লা আগস্ট/২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর/২০২৬” পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহীর তথ্য সংগ্রহের জন্য অস্থায়ী ভাবে **তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার** নিয়োজিত করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের ধরণ	আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা	অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য	অযোগ্যতা	প্রয়োজনীয় কাগজপত্র
০১	তথ্য সংগ্রহকারী	ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস খ) বয়স ১৮-৪০ বছর (শুমারির তারিখে) গ) ট্যাবলেট/স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও বলতে সক্ষম চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত	ক) নারী প্রার্থী ৫০% খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা	ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর প্রাপ্তি ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত	ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে। ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে)

ক্র: নং	পদের ধরণ	আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা	অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য	অযোগ্যতা	প্রয়োজনীয় কাগজপত্র
০১	সুপারভাইজার	ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস খ) বয়স ২৫-৪৫ বছর গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা	ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check) গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা ঘ) ট্যাবলেটে চার্ট, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত	ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর প্রাপ্তি ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত	ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে। ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে)

আবেদন ফরম প্রাপ্তির স্থান: ক) রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী ও শহর সমাজসেবা কার্যালয়, রাজশাহী ও সকল ওয়ার্ড কমিশনারের কার্যালয়, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী। জেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে এই লিংক: dss.rajshahi.gov.bd
আবেদন ফরম দাখিলের স্থান: শহর সমাজসেবা কার্যালয়, রাজশাহী।

আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:

ক্র: নং	আবেদন ফরম বিতরণের তারিখ ও সময়	আবেদন ফরম দাখিলের তারিখ ও সময়	ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় ও স্থান
০১	২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ৪.০০টা পর্যন্ত	২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ৪.০০টা পর্যন্ত	২৬/০৭/২০২৬ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা, রাজশাহী সিটি কর্পোরেশন।

শর্তাবলী:

- ১। তথ্য সংগ্রহকারীগণ জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
- ২। ফ্যামিলি কার্ড জরিপ চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।
- ৩। তথ্যপ্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।
- ৪। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনো ধরনের গাফিলতি বা অবহেলা করা যাবে না।
- ৫। কোনো অবস্থাতেই ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।
- ৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।
- ৭। ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
- ৮। কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৯। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিদুলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মোঃ রেজাউল করিম (উপসচিব)

প্রধান নির্বাহী কর্মকর্তা

ও

সভাপতি

ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।

ফোন নম্বর: ০২৫৮৮৮৫৭৬৯৭

ইমেইল: ceorcc2018@gmail.com

তারিখ: ২২ জুলাই ২০২৬ খ্রি:

স্মারক নং- ৪১.০১.৮১০০.০৪১.০১.০১০.২৬.১২১

সদয় অবগতি ও বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজশাহী-০২।
- ২। মাননীয় প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
- ৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৪। সদস্য, কাউন্সিলর,..... ওয়ার্ড, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী ও সভাপতি, শুমারি ওয়ার্ড কমিটি।
- ৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালিয়া, রাজশাহী।
- ৭। অফিসার ইনচার্জ,..... থানা, রাজশাহী।
- ৮। জনাব,.....সদস্য, ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি, রাজশাহী।
- ৯। জনাব,.....সদস্য, ফ্যামিলি কার্ড শুমারি বাণ্যবান সংক্রান্ত সিটি কর্পোরেশন আঞ্চলিক কমিটি, রাজশাহী।
- ১০। সচিব,..... ওয়ার্ড, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী ও সদস্য সচিব, শুমারি ওয়ার্ড কমিটি।
- ১১। জনাব,.....;
- ১২। অফিস নথি।

মোঃ আব্দুল মন্সুর

সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।

ফোন: ০২৫৮৮৮০১০৫৬

ইমেইল: ucd.raj@gmail.com